# উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভার হাজিরা সীট

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও। সময় : ১১-৩০ টা, তারিখ : ০৭-০৫-২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ রকিবুল হাসান | প্রশাসক | সভাপতি | [signature] 7/5/25 |
| ২ | মোঃ আব্দুল মজিদ | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১ নং ভোমরাদহ ইউ.পি. | সদস্য | [signature] |
| ৩ | মোঃ সহিদ হোসেন | চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. | সদস্য | [signature] |
| ৪ | মোঃ জয়নাল আবেদীন | চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. | সদস্য | [signature] |
| ৫ | মোঃ রাকিব হোসেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য সচিব | [signature] 07/05/25 |

## উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মোঃ রকিবুল হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ হলরুম, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
তারিখ : ০৭.০৫.২০২৫ খ্রিঃ
সময় : সকাল ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি মহোদয় আসন গ্রহণ করার পর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর কমিটির সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচ্যসুচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | প্রাণী সম্পদ বিষয়ক আলোচনা:<br><br>০৭ নং হাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন যে, সামনে পবিত্র ঈদুল আজহা, কোরবানির ঈদ। বাংলাদেশে সারা বছর যত পশু জবাই হয়, তার প্রায় অর্ধেক জবাই হয় কোরবানির ঈদে। বাংলাদেশে মাংসের দাম দ্রুত বৃদ্ধি পেয়েছে। ২০১৫ সালে গরুর মাংসের দাম ছিল প্রতি কেজি ২৮০ থেকে ৩০০ টাকা। এখন তা ৭৫০ থেকে ৮৫০ টাকা। সেই সঙ্গে ভেড়া ও খাসির মাংসের দামও বেড়েছে এক হাজার থেকে এক হাজার ১০০ টাকায়। এতে খামারিরা লাভবান হচ্ছেন, কিন্তু তাতে নিরুৎসাহ হচ্ছেন নিম্ন আয়ের অসংখ্য ভোক্তা। এমতাবস্থায় পশুপ্রতি মাংসের উৎপাদন বাড়িয়ে প্রতি ইউনিট খরচ হ্রাস করা জরুরি। সাধারণত সরবরাহ বৃদ্ধি পেলে পণ্যের দাম হ্রাস পায়, কিন্তু আমাদের দেশে পশুসম্পদ খাতে এর প্রভাব পরিলক্ষিত হচ্ছে না। এখানে একটি সিন্ডিকেট কাজ করছে। তারা মাংসের দাম কমতে দিচ্ছে না। এমতাবস্থায় পশু খামার উন্নয়নে সহযোগিতা প্রদানের পাশাপাশি গ্রামীণ চিরায়ত কৃষকদের গবাদি পশু পালনে উৎসাহিত করা উচিত।<br>কোরবানির পশুর চামড়া বিক্রি করা এবং তার উপযুক্ত দাম পাওয়া একটি বড় সমস্যা। কয়েক বছর ধরে প্রান্তিক পর্যায়ে চামড়ার মূল্যে বড় ধরনের ধস আমরা লক্ষ করছি। এরও প্রতিকার দরকার।<br>সম্প্রতি সীমান্তের নজরদারি এড়িয়ে অবৈধ পথে গরু আমদানি করা হচ্ছে বলে খবর আসছে। এটি দেশের উদ্যোক্তাদের জন্য ক্ষতিকর। এসব বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া দরকার।<br>পবিত্র ঈদউল আজহা উপলক্ষে পীরগঞ্জ উপজেলার গরু বিক্রয়, গরুর চামড়ার সঠিক দাম ও সীমান্ত দিয়ে যাতে অবৈধ ভাবে গরু আনতে না পারে সে বিষয়ে প্রশাসনিক নজরদারি ও নির্দেশনা প্রয়োজন।<br>সভাপতি মহোদয় সকল বিষয়ে অবগত হয়ে সদস্য সচিব ও সকল সদস্যগণকে এ বিষয়ে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার সাথে আলোচনা করতে বলেন। এবং সীমান্তে নজরদারির বিষয়ে আইন শৃঙ্খলা বিষয়ক মিটিংয়ে আলোচনা করবেন মর্মে অবগত করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ০৭ নং হাজীপর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা প্রাণী সম্পদ অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০২ | **বিআরডিবি'র এসএমই ঋণ বিষয়ক আলোচনা:**<br>সভায় ০৩ নং খনগাঁও ইউপির চেয়ারম্যান মহোদয় বলেন যে, বিআরডিবি কর্তৃক করোনাকালীন সময়ে স্বল্প সুদে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়েছিলো। এই ঋণটি নিয়ে এলাকার ক্ষুদ্র উদ্যোক্তার বেশ লাভবান হয়েছে। এই ঋণ টি অধিক পরিমাণে বিতরণ করা গেলে আরও ভাল হতো। সদস্য সচিব বলেন যে, এই ঋণটি সামনের অর্থ বছর হতে বেশি বেশি সদস্যদের মাঝে বিতরণের নির্দেশনা রয়েছে।<br>সভার সভাপতি মহোদয় বলেন যে এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদস্য সচিবকে বিশেষ ভাবে অনুরোধ করেন। | দ্রুতই ০১ নং ভোমরাদহ, ০৩ নং খনগাঁও ও ০৭ নং হাজীপুর ইউপির চেয়ারম্যান সহ সদস্য সচিবকে উপজেলা প্রাণী সম্পদ অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৩ | **নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:**<br>কমিটির সভাপতি উক্ত কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন বিষয়ে সদস্য সচিব কার্যকরী উদ্যোগ গ্রহন করা এবং সকল সদস্য কে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান জানান। তাছাড়া বিধি মোতাবেক সভার কার্যবিবরনী সকল সদস্যকে নিয়মিতভাবে পৌছানোর জন্য সদস্য সচিবকে পরামর্শ প্রদান করেন। | নিয়মিত সভা করা ও সভার কার্য বিবরনী সকলের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি পীরগঞ্জ, ঠাকুরগাঁও। |
| ০৪ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করে | - | সভাপতি |

৭/৫/২৫

( মো: রকিবুল হাসান)
প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ,
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

স্মারক নং-৪৭.৬২.৯৪.৮২.০০০.০৮.০০৬.২১- ৩৯ তারিখ- ০৭.০৫.২০২৫ খ্রি:

**অনুলিপি( সভার কার্যবিবরণী) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :**

১। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান, ০১ নং ভোমরাদহ ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, ০৩ নং খনগাঁও ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। চেয়ারম্যান, ০৭ নং হাজীপুর ইউনিয়ন পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি ।

07/05/25

( মো: রাকিব হোসেন )
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

CS CamScanner